



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়  
আগ্রাবাদ, চট্টগ্রাম।

[www.bbs.chittagongdiv.gov.bd](http://www.bbs.chittagongdiv.gov.bd)

নং- ৫২.০১.২০০০.০০০.০৬.০৩৮.২৫-৪১৭

তারিখ: ২৩ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ  
০৮ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়িত “Socioeconomic Vulnerability Assessment Survey (SVAS)” ২০২৫ শীর্ষক প্রকল্পে মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) হিসেবে শুমারি ও জরিপ কার্যক্রম পরিচালনার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিকসহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রণয়ন করে আসছে।

বাংলাদেশে সামাজিক নিরাপত্তা বেষ্টনের আওতায় বিভিন্ন কর্মসূচি চালু রয়েছে। টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) অর্জনে সকল স্থানীয় পর্যায়ে দারিদ্র্যমুক্ত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। এ কারণে সরকার এসডিজি’র মূল প্রতিপাদ্য ‘কাউকে পেছনে রেখে নয়’ -এর আলোকে পল্লী ও শহরাঞ্চলের দরিদ্র মানুষের জীবনমান উন্নয়নে কী ধরনের নারীবান্ধব/খাদ্যবান্ধব সামাজিক নিরাপত্তা কর্মসূচি প্রণয়ন করা যায় অথবা বর্তমানে পরিচালিত নারীবান্ধব/খাদ্যবান্ধব সামাজিক নিরাপত্তা কর্মসূচি কীভাবে আরও উন্নত করা যায় যাতে এ সেবা প্রকৃতপক্ষে সুবিধাবঞ্চিত মানুষের কাছে পৌঁছাতে পারে, সে লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ‘আর্থ সামাজিক ঝুঁকি নিরূপণ জরিপ ২০২৫’ শীর্ষক একটি জরিপ পরিচালনা করছে। এ জরিপ হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনার মাধ্যমে নারীবান্ধব/খাদ্যবান্ধব সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে সুবিধাভোগী নির্বাচনের মানদণ্ডসমূহ পুনর্নির্ধারণ করা হবে। যা সমাজে বসবাসরত সকল পর্যায়ে মানুষের বর্তমান আর্থসামাজিক অবস্থা নিরূপণ করা সহ সরকারের পরবর্তী নবম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সামাজিক-জনমিতিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে নীতিনির্ধারক ও পরিকল্পনাবিদদের প্রমাণভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে।

চট্টগ্রাম বিভাগে ৪৩ টি নির্বাচিত পিএসইউ হতে Socioeconomic Vulnerability Assessment Survey (SVAS) ২০২৫ এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রম আগামী ০৯ ডিসেম্বর ২০২৫ খ্রি. হতে ২৫ ডিসেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে চলমান থাকবে।

বর্ণিতাবস্থায়, জাতীয় এ গুরুত্বপূর্ণ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে তথ্য সংগ্রহকারীকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।

প্রাপক

.....  
.....  
.....

(মোহাম্মদ ওয়াহিদুর রহমান)

যুগ্মপরিচালক (ভারপ্রাপ্ত)

বিসিএস (পরিসংখ্যান)

মোবাইল: ০১৯১১-৫৮৩৪৭৫

ইমেইল: wahidbbs.bd@gmail.com